ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৮১
আগরতলা, ৬ এপ্রিল, ২০২৫

**ট্যুরিজম এন্ড হসপিটালিটি সেক্টরে প্রশিক্ষণের জন্য বারাসাতের উদ্দেশ্যে ৪৭ জনের রাজ্য ত্যাগ**

ট্যুরিজম এন্ড হসপিটালিটি সেক্টরে প্রশিক্ষণের জন্য আজ ৪৭ জন যুবক-যুবতী কলকাতার বারাসাতের উদ্দেশ্যে রাজ্য ত্যাগ করেছেন। আজ সন্ধ্যায় ইন্দ্রনগরস্থিত মডেল আইটিআই (ওইমেন) ভবনের সামনে তাদের এই যাত্রার শুভ সূচনা করেন ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান নবাদল বণিক। এই ৪৭ জনের মধ্যে যুবক ২০ জন এবং যুবতী ২৭ জন। দক্ষতা উন্নয়ন দপ্তরের উদ্যোগে এবং ট্যুরিজম এন্ড হসপিটালিটি সেক্টর স্কিল কাউন্সিলের সহযোগিতায় মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পে এই যুবক-যুবতীদের বারাসাতে তিন মাসের জন্য বিনামূল্যে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ দেবে অ্যাসেনসিভ এডুকেয়ার লিমিটেড। প্রশিক্ষণার্থীরা যাতে ভবিষ্যতে বড় বড় হোটেল ও শিল্প সংস্থায় কর্মসংস্থানের সুযোগ গ্রহণ করতে পারেন সে লক্ষ্যেই রাজ্য সরকার এই উদ্যোগ গ্রহণ করেছে।

এ উপলক্ষে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান নবাদল বণিক বলেন, সাফল্যের জন্য চাই সততা, নিষ্ঠা, সময়ানুবর্তিতা, ধৈর্য্য ও শ্রম। রাজ্য সরকার বেকার যুবক-যুবতীদের স্বাবলম্বী করার জন্য বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছে। এতে যুবক-যুবতীদের কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের অতিরিক্ত অধিকর্তা সুভাষ চন্দ্র দাস।

*******